গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৭৪/২০১৯-২০২০
ঢাকা ২৪ ফেব্রুয়ারি সোমবার ২০২০, ১১ ফাল্গুন ১৪২৬

১। পতাকার সম্মান রক্ষায় সর্বোচ্চ ত্যাগ স্বীকারে প্রস্তুত থাকুন : চট্টগ্রামে সশস্ত্র বাহিনীর সদস্যদের প্রতি রাষ্ট্রপতি
২। জলাশয় রক্ষা করে উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করতে হবে :
ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের হাতিরঝিল অংশের পুনঃঅ্যালাইনমেন্টের উপস্থাপন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী
৩। রোহিঙ্গাদের আশ্রয় দেয়ায় বাংলাদেশের প্রশংসায় অ্যাঞ্জেলিনা জোলি : প্রধানমন্ত্রীকে চিঠি
৪। ভাষা আন্দোলন থেকে শুরু করে স্বাধীনতা-সব প্রাপ্তিই বঙ্গবন্ধুর নেতৃত্বে : স্পিকার
৫। কর ফাঁকি এড়াতে সিস্টেম ডিজিটাল করতে হবে : ক্যাবল অপারেটরদের উদ্দেশে তথ্যমন্ত্রী
৬। কমনওয়েলথভুক্ত দেশগুলোকে বাংলাদেশে বিনিয়োগের আহ্বান অর্থমন্ত্রীর
৭। ২০২৪ সালের মধ্যে আমাদের অর্থনীতি সিঙ্গাপুর ও মালয়েশিয়ার সমান হবে : অর্থমন্ত্রী
৮। বর্জ্য ব্যবস্থাপনা আধুনিকায়ন করা হচ্ছে : স্থানীয় সরকার মন্ত্রী
৯। ২০২১ সাল থেকে প্রত্যেকটি স্কুলে কারিগরি শিক্ষা চালু করা হবে : সিলেটে শিক্ষামন্ত্রী
১০। মালয়েশিয়ায় শীঘ্রই শ্রমবাজার চালু করার আশাবাদ পররাষ্ট্রমন্ত্রীর
১১। সড়ক রেল ও নৌপথের সমন্বিত যোগাযোগ ব্যবস্থা গড়ে তুলতে হবে : পরিকল্পনামন্ত্রী
১২। ঋণের সুবিধা নিশ্চিত করা হলে দেশের অর্থনীতিতে এসএমই খাত
আরো শক্তিশালী ভূমিকা রাখতে পারবে : শিল্পমন্ত্রী
১৩। ভূমি অধিগ্রহণে অনিয়ম হলে কঠোর ব্যবস্থা : কক্সবাজারে ভূমিমন্ত্রী
১৪। মুজিববর্ষকে বিদ্যুৎ বিভাগ সেবাবর্ষ হিসেবে ঘোষণা করেছে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী
১৫। সমুদ্র ও নদীকেন্দ্রিক অর্থনীতিকে গুরুত্ব দিচ্ছে সরকার : নৌ প্রতিমন্ত্রী
১৬। মুজিববর্ষেই হচ্ছে গণমাধ্যমকর্মী ও জাতীয় সম্প্রচার কমিশন আইন : তথ্য প্রতিমন্ত্রী
১৭। পবিত্র শবেমেরাজের তারিখ নির্ধারণে চাঁদ দেখা কমিটির সভা আজ

১। পতাকার সম্মান রক্ষায় সর্বোচ্চ ত্যাগ স্বীকারে প্রস্তুত থাকুন : চট্টগ্রামে সশস্ত্র বাহিনীর সদস্যদের প্রতি রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ জাতীয় পতাকার সম্মান রক্ষার্থে সশস্ত্র বাহিনীর সদস্যদের সর্বোচ্চ ত্যাগ স্বীকার করতে প্রস্তুত থাকার আহ্বান জানিয়েছেন। গতকাল (২৩ ফেব্রুয়ারি রোববার) চট্টগ্রাম নগরীর হালিশহর আর্টিলারি সেন্টার ও স্কুলে এয়ার ডিফেন্স রেজিমেন্টের চার আর্টিলারির জাতীয় পতাকা প্রদান অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান। তিনি আরো বলেন, জাতীয় পতাকা স্বাধীনতা, সার্বভৌমত্ব, সম্মান ও মর্যাদার প্রতীক। তাই পতাকার মান রক্ষা করা সকল সৈনিকের পবিত্র দায়িত্ব। রাষ্ট্রপতি প্যারেড গ্রাউন্ডে কুচকাওয়াজ পরিদর্শন ও সালাম গ্রহণ করেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

২। জলাশয় রক্ষা করে উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করতে হবে :

ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের হাতিরঝিল অংশের পুনঃঅ্যালাইনমেন্টের উপস্থাপন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এমনভাবে উন্নয়ন প্রকল্প প্রণয়ন করতে হবে, যাতে তা একটি অপরটির পরিপূরক হতে পারে। জলাশয় বিশেষ করে পুকুর রক্ষা করে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করতে হবে। গতকাল (২৩ ফেব্রুয়ারি রোববার) নিজ কার্যালয়ে (পিএমও) ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের সোনারগাঁও-বুয়েট লিঙ্কের হাতিরঝিল অংশের পুনঃঅ্যালাইনমেন্টের পাওয়ার পয়েন্ট উপস্থাপনা অবলোকনকালে তিনি এসব নির্দেশনা দেন। উপস্থাপনাটি অবলোকনের পর প্রধানমন্ত্রী নতুনভাবে নকশা করা ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়েতে তাঁর সম্মতি প্রদান করেন। এটি পলাশীকে কাঁটাবন হয়ে বিয়াম ভবনের দক্ষিণ অংশে হাতিরঝিল প্রান্তের সঙ্গে সংযুক্ত করবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৩। রোহিঙ্গাদের আশ্রয় দেয়ায় বাংলাদেশের প্রশংসায় অ্যাঞ্জেলিনা জোলি : প্রধানমন্ত্রীকে চিঠি

মিয়ানমার থেকে আসা ১১ লাখের বেশি রোহিঙ্গাকে আশ্রয় ও তাদের সুরক্ষায় ব্যবস্থা নেওয়ায় বাংলাদেশের উদারতা এবং নেতৃত্বের প্রশংসা করে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে চিঠি দিয়েছেন হলিউড তারকা অ্যাঞ্জেলিনা জোলি। জাতিসংঘের শরণার্থীবিষয়ক হাইকমিশনারের (ইউএনএইচসিআর) বিশেষ দূত হিসেবে জোলি ঐ চিঠি পাঠান। ২১ ফেব্রুয়ারি এ চিঠি পাঠানো হয় বলে গতকাল (২৩ ফেব্রুয়ারি রোববার) পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১ক,৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

৪। ভাষা আন্দোলন থেকে শুরু করে স্বাধীনতা-সব প্রাপ্তিই বঙ্গবন্ধুর নেতৃত্বে : স্পিকার

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, বঙ্গবন্ধু বাংলাদেশের জনগণের অধিকার আদায়ে দীর্ঘ ২৩ বছর আপসহীন থেকে আন্দোলন সংগ্রাম করেছেন। ভাষা আন্দোলন থেকে শুরু করে স্বাধীনতা অর্জন পর্যন্ত বাঙালির সব প্রাপ্তিই এসেছে বঙ্গবন্ধুর নেতৃত্বে। গতকাল (২৩ ফেব্রুয়ারি রোববার) জাতীয় প্রেসক্লাবে "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'বঙ্গবন্ধু' উপাধি প্রাপ্তি-শ্রদ্ধা, ভালোবাসার এক অমলিন স্মৃতি'' শীর্ষক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), সমকাল (পৃ.৩,ক.৭), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

৫। কর ফাঁকি এড়াতে সিস্টেম ডিজিটাল করতে হবে : ক্যাবল অপারেটরদের উদ্দেশে তথ্যমন্ত্রী

ক্যাবল অপারেটিং সিস্টেম ডিজিটাল করতে সর্বোচ্চ এক বছর সময় প্রয়োজন বলে মনে করছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। তিনি বলেন, এটি করতে সর্বোচ্চ এক বছরের বেশি লাগার কথা নয়। প্রয়োজনে আমরা নতুন ক্যাবল অপারেটরদের লাইসেন্স দেব। কর ফাঁকি এড়াতে সিস্টেম ডিজিটাল করতে হবে। গতকাল (২৩ ফেব্রুয়ারি রোববার) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২)।

৬। কমনওয়েলথভুক্ত দেশগুলোকে বাংলাদেশে বিনিয়োগের আহ্বান অর্থমন্ত্রীর

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, বাংলাদেশ এখন বিনিয়োগকারীদের জন্য আকর্ষণীয় গন্তব্য। কমনওয়েলথভুক্ত দেশগুলো এদেশে বিনিয়োগ করলে যৌথভাবে লাভবান হতে পারবে। গতকাল (২৩ ফেব্রুয়ারি রোববার) শেরেবাংলানগরে অর্থমন্ত্রীর দপ্তরে কমনওয়েলথ এন্টারপ্রাইজ অ্যান্ড ইনভেস্টমেন্ট কাউন্সিলের (সিডব্লিউইআইসি) ডেপুটি চেয়ারম্যান, যুক্তরাজ্যের সাবেক পররাষ্ট্র প্রতিমন্ত্রী স্যার হুগো সোয়ার সঙ্গে সৌজন্য সাক্ষাতে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.৫,ক.১), **অবজারভার** বিজনেস পাতা-১/৫।

৭। ২০২৪ সালের মধ্যে আমাদের অর্থনীতি সিঙ্গাপুর ও মালয়েশিয়ার সমান হবে : অর্থমন্ত্রী

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, দেশের অর্থনীতি শক্তিশালী ভিতের ওপর ভর করে এগিয়ে যাচ্ছে। ২০২৪ সালের মধ্যে আমাদের অর্থনীতি সিঙ্গাপুর ও মালয়েশিয়ার সমান হবে। পরবর্তী সময়ে আমরা এ দুটি দেশকে ছাড়িয়ে যাব। আর এ প্রক্ষেপণ আমাদের নয়। যুক্তরাষ্ট্রের গবেষণা প্রতিষ্ঠান এমন পূর্বাভাস দিচ্ছে। তিনি বলেন, বাংলাদেশে যাদের আবাসনের ব্যবস্থা নেই, ঘরবাড়ি নেই, তাদের জন্য আবাসন নির্মাণের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এটা আমেরিকা কিংবা গোটা ইউরোপেও সম্ভব নয়। গতকাল (২৩ ফেব্রুয়ারি রোববার) ডেভেলপমেন্ট জার্নালিস্ট ফোরাম অভ বাংলাদেশ (ডিজেএফবি)-এর নতুন কমিটির অভিষেক ও উন্নয়নে গণমাধ্যমের ভূমিকা শীর্ষক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

৮। বর্জ্য ব্যবস্থাপনা আধুনিকায়ন করা হচ্ছে : স্থানীয় সরকার মন্ত্রী

স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, পরিবেশের ক্ষতি না করে বর্জ্য ব্যবস্থাপনা আধুনিকায়ন করা হচ্ছে। এজন্য সর্বপ্রথম নিজেদের সচেতন হতে হবে। নগরবাসী সচেতন না হলে কিছুই করা সম্ভব নয়। গতকাল (২৩ ফেব্রুয়ারি রোববার) রাজধানীর সিরডাপ মিলনায়তনে সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট নিয়ে তথ্য আদান-প্রদানবিষয়ক এক আলোচনাসভায় তিনি এ কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৩), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৩)।

৯। ২০২১ সাল থেকে প্রত্যেকটি স্কুলে কারিগরি শিক্ষা চালু করা হবে : সিলেটে শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি শিক্ষকদের উদ্দেশে বলেছেন, প্রতি জেলায় একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করার পরিকল্পনা রয়েছে সরকারের। সরকার শিক্ষিত বেকার তৈরি করতে চায় না তাই কারিগরি শিক্ষায় বিশেষ গুরুত্ব প্রদান করছে। ২০২১ সাল থেকে প্রত্যেকটি স্কুলে কারিগরি শিক্ষা চালু করা হবে। প্রতি উপজেলায় একটি করে টেকনিক্যাল স্কুল কলেজ প্রতিষ্ঠা করা হবে। গতকাল (২৩ ফেব্রুয়ারি রোববার) সিলেটের ওসমানী নগরে কৃতি শিক্ষার্থীদের বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **সমকাল** (পৃ.৩,ক.১)।

১০। মালয়েশিয়ায় শীঘ্রই শ্রমবাজার চালু করার আশাবাদ পররাষ্ট্রমন্ত্রীর

মালয়েশিয়ায় শীঘ্রই শ্রমবাজার চালু করার আশাবাদ ব্যক্ত করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। গতকাল (২৩ ফেব্রুয়ারি রোববার) মালয়েশিয়ার মানবসম্পদমন্ত্রী এম কুলা সেগারানের সাথে বৈঠকের পর নিজ কার্যালয়ে সাংবাদিকদের পররাষ্ট্রমন্ত্রী এ আশাবাদ ব্যক্ত করেন। সূত্র-**আমাদেরঅর্থনীতি** (পৃ.১,ক.৪), **যুগান্তর** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

১১। সড়ক রেল ও নৌপথের সমন্বিত যোগাযোগ ব্যবস্থা গড়ে তুলতে হবে : পরিকল্পনামন্ত্রী

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, সড়ক, রেল ও নৌপথের সমন্বয়ে সমন্বিত যোগাযোগ ব্যবস্থা গড়ে তুলতে হবে। শহরের সমস্যা সমাধানে ক্ষমতা বিকেন্দ্রীকরণ ও দায়িত্ব বিকেন্দ্রীকরণ করতে হবে। গতকাল (২৩ ফেব্রুয়ারি রোববার) রাজধানীর খামারবাড়ি কৃষিবিদ ইনস্টিটিউশন অভ্ বাংলাদেশ (কেআইবি) 'দি ফিউচার প্ল্যানিং আরবান ট্রান্সপোর্টেশন ইন ঢাকা' শীর্ষক এক সেমিনারে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

১২। ঋণের সুবিধা নিশ্চিত করা হলে দেশের অর্থনীতিতে এসএমই খাত আরো শক্তিশালী ভূমিকা রাখতে পারবে : শিল্পমন্ত্রী

শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন বলেছেন, দেশের ৭৮ লাখ ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোক্তা নিজেদের জন্য আত্মকর্মসংস্থান সৃষ্টির পাশপাশি অন্যের জন্যও কর্মসংস্থান সৃষ্টি করছে। এ খাতের উদ্যোক্তারা শতভাগ সততার সঙ্গে কাজ করছে। তাদের জন্য ঋণের সুবিধা নিশ্চিত করা হলে দেশের অর্থনীতিতে এসএমই খাত আরো শক্তিশালী ভূমিকা রাখতে পারবে উল্লেখ করে শিল্পমন্ত্রী ব্যাংকগুলোকে ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোক্তাদের স্বার্থ বিবেচনার আহ্বান জানান। গতকাল (২৩ ফেব্রুয়ারি রোববার) শিল্প মন্ত্রণালয়ের এসএমই নীতিমালা বাস্তবায়ন-সংক্রান্ত সভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৪,ক.১), **সমকাল** (পৃ.১৩,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

১৩। ভূমি অধিগ্রহণে অনিয়ম হলে কঠোর ব্যবস্থা : কক্সবাজারে ভূমিমন্ত্রী

ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী বলেছেন, দেশের অগ্রগতির লক্ষে সারাদেশে উন্নয়ন কার্যক্রম অব্যাহত রয়েছে। এসব উন্নয়ন কার্যক্রমে অধিগ্রহণ করা হচ্ছে বিপুল পরিমাণ জমি। অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের জিম্মি করেই কমিশন আদায়ের চেষ্টার অভিযোগ আসছে। দেশের কোথাও ভূমি অধিগ্রহণ কার্যক্রমে অনিয়ম হলে কঠোর ব্যবস্থা নেয়া হবে। গতকাল (২৩ ফেব্রুয়ারি রোববার) কক্সবাজার জেলা আইনশৃঙ্খলা কমিটির বিশেষ সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১), **সমকাল** (পৃ.৪,ক.২)।

১৪। মুজিববর্ষকে বিদ্যুৎ বিভাগ সেবাবর্ষ হিসেবে ঘোষণা করেছে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

মুজিববর্ষ উপলক্ষে বিদ্যুৎ ভবনে 'বঙ্গবন্ধু কর্নার' উদ্বোধন করেছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। গতকাল (২৩ ফেব্রুয়ারি রোববার) ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানির (ডিপিডিসি) সম্মেলনকক্ষে এ কর্নারের উদ্বোধন করা হয়। এছাড়া গ্রাহক সেবার মান বাড়ানোর লক্ষ্যে 'ব্লকচেইন' প্রযুক্তির মাধ্যমে প্রিপেইড মিটার রিচার্জের উদ্বোধন করেন তিনি। বিদ্যুৎ প্রতিমন্ত্রী বলেন, মুজিববর্ষকে বিদ্যুৎ বিভাগ সেবাবর্ষ হিসেবে ঘোষণা করেছে। দৈনিক এক ঘণ্টা করে বেশি কাজ করবে এ বিভাগ। ব্লকচেইন প্রযুক্তি ডিজিটাল প্রতারণা রোধ করে। এসব নতুন প্রযুক্তির সঙ্গে দপ্তর পরিচালনা কার্যক্রম বাড়াতে হবে। প্রয়োজনে গ্রাহকদের সম্পৃক্ত করার কথা বলেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৭)।

১৫। সমুদ্র ও নদীকেন্দ্রিক অর্থনীতিকে গুরুত্ব দিচ্ছে সরকার : নৌ প্রতিমন্ত্রী

নৌ পরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহ্মুদ চৌধুরী বলেছেন, সমুদ্র ও নদীকেন্দ্রিক অর্থনীতিকে গুরুত্ব দিচ্ছে সরকার। গতকাল (২৩ ফেব্রুয়ারি রোববার) পায়রা বন্দরের জন্য খুলনা শিপইয়ার্ড লিমিটেড নির্মিত দু'টি পাইলট ভেসেল তেঁতুলিয়া-১ ও তেঁতুলিয়া-২ হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। তিনি আরো বলেন, পায়রা বন্দরের স্বাভাবিক ও নিরবচ্ছিন্ন কার্যক্রমের স্বার্থে পাইলট ভেসেল দু'টি কার্যকর ভূমিকা পালন করবে যা বন্দরের সার্বিক সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি দেশের অর্থনৈতিক সমৃদ্ধিকে আরও প্রসারিত করবে। সূত্র-**আমাদেরঅর্থনীতি** (শেষ পৃ,ক.১)।

১৬। মুজিববর্ষেই হচ্ছে গণমাধ্যমকর্মী ও জাতীয় সম্প্রচার কমিশন আইন : তথ্য প্রতিমন্ত্রী

তথ্য প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসান বলেছেন, মুজিববর্ষেই হচ্ছে গণমাধ্যমকর্মী ও জাতীয় সম্প্রচার কমিশন আইন। গতকাল (২৩ ফেব্রুয়ারি রোববার) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ কথা জানান। সূত্র-**আমাদেরঅর্থনীতি** (পৃ.১,ক.৭)।

১৭। পবিত্র শবেমেরাজের তারিখ নির্ধারণে চাঁদ দেখা কমিটির সভা আজ

পবিত্র শবেমেরাজের তারিখ নির্ধারণ করতে এবং ১৪৪১ হিজরি সনের রজব মাসের চাঁদ দেখার সংবাদ পর্যালোচনায় বৈঠকে বসছে জাতীয় চাঁদ দেখা কমিটি। আজ ২৪ ফেব্রুয়ারি সোমবার সন্ধ্যা সোয়া ৬টায় (বাদ মাগরিব) রাজধানীর বায়তুল মোকাররম ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন ধর্ম প্রতিমন্ত্রী ও জাতীয় চাঁদ দেখা কমিটির সভাপতি শেখ মোহাম্মদ আব্দুল্লাহ। গতকাল (২৩ ফেব্রুয়ারি রোববার) ইসলামিক ফাউন্ডেশনের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৮), **অবজারভবর** (পৃ.৩,ক.৫)।

সম্পাদকীয়

ক. ইত্তেফাক : দখলবাজদের আগ্রাসি থাবায় মাত্র ৩০ বছরে রাজধানীতে ৩৯টি খালের অস্তিত্ব নিশ্চিহ্ন হয়ে গিয়েছে ওয়াসার দেওয়া এ তথ্যের কথা উল্লেখ করে খালগুলো উদ্ধারে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

খ. **সমকাল :** পদোন্নতি ছাড়াই অবসরে যাচ্ছেন মাঠ প্রশাসনের ৭০ ভাগ কর্মচারী এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ অবস্থার দ্রুত নিরসন করতে কার্যকর পদক্ষেপ নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. যুগান্তর, সংবাদ, বণিকবার্তা : দেশের ব্যাংক খাত গুটিকয়েক ব্যক্তি ও গোষ্ঠীর কাছে জিম্মি হয়ে আছে বলে দাবি করেছে বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) উল্লেখ করে ব্যাংকিং খাতে সুশাসন ফিরিয়ে আনতে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

ঘ. যায়যায়দিন : সড়ক দুর্ঘটনায় নিহতের সংখ্যা বাড়ছেই উল্লেখ করে সড়ক পথের নিরাপত্তা ও দুর্ঘটনারোধে যথাযথ পদক্ষেপ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

ঙ. ভোরের কাগজ : ঢাকা ওয়াসার পানির দাম বাড়িয়ে প্রায় দ্বিগুণ করা হচ্ছে বলে চূড়ান্ত হয়েছে উল্লেখ করে পানির দাম বাড়ানোর প্রস্তাব প্রত্যাহার করে গ্রাহকসেবা ও পানির গুণগত মান নিশ্চিত করতে ওয়াসাকে মনোযোগী হওয়ার পরামর্শ।

চ. বাংলাদেশ টুডে : সাইবার নিরাপত্তায় নজর দেওয়ার সুপারিশ।

ছ. নিউজ টুডে : লালমনিরহাটে জমির উপর থেকে মাটি নিয়ে বিভিন্ন ইটভাটায় ব্যবহার করায় মাটির উর্বরতা নষ্ট হচ্ছে উল্লেখ করে সারাদেশে এ ধরনের মাটি উত্তোলন বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, প্রতিযোগিতার পৃথিবীতে ইংরেজি ও অন্যান্য ভাষার মাধ্যমে জ্ঞান-বিজ্ঞানে ক্রমাগত সমৃদ্ধ হয়ে বাংলা ভাষা ও বাঙালিত্বকে আমাদের সমৃদ্ধ ও শক্তিশালী করতে হবে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'ব্যর্থতার মধ্য দিয়েও সফলতা অর্জন সম্ভব'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, যথার্থ সফলতার জন্য আমাদের সকলকে ব্যর্থতাকে জয় করে তার মাঝে আশার প্রদীপ জ্বালাতে হবে এবং এর মাধ্যমে নিজের ও সমাজের এবং দেশের কল্যাণ বয়ে আনতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা